# রায়হাননামা

-জাহেদ আহমদ
wolrdcitizen73@yahoo.com

কিছুদিন আগে আমি একটি কাল্পনিক স্যাটায়ারধর্মী লেখা[১] লিখেছিলাম। লেখাটির শেষে অত্যন্ত পরিষ্কার ভাবে এ কথাটি জুড়ে দিয়েছিলাম যে, কারো অনুভূতিতে আঘাত হানার জন্য আমি লেখাটি লিখি নাই, বরং পাঠক-পাঠিকাদের একটু নির্মল বিনোদান দানই ছিল আমার মূল উদ্দেশ্য। *মুক্তমনা*র দুজন অত্যন্ত সম্মানিত সদস্য[২,৩] (জনাব বেলাল বেগ এবং প্রফেসর ফজলে হোসেন) লেখাটি উপভোগ করেছেন বলে জানিয়েছেন। তাঁরা লেখাটির একটি রাজনৈতিক ব্যাখ্যা ও দাঁড় করিয়েছেন। বলেছেন- লেখাটিতে আওয়ামি লীগের *নব্য সেক্যুলারজিমের স্বরূপ* ফুটে ওঠেছে। আমি হ্যাঁ বা না কিছুই বলিনি। পাঠক-পাঠিকার নিশ্চয় স্বাধীনতা আছে একটি লেখাকে তাঁদের নিজেদের মত করে বিচার করার। কিন্তু গোল বাঁধিয়েছেন সংশয়বাদী থেকে সদ্য খাঁটি মুমিনে রূপান্তরিত হওয়া মিস্টার রায়হান নামের ভদ্রলোকটি। তিনি লেখাটিকে তাঁর প্রতি 'ব্যক্তিগত আক্রমণ'[৪] হিসেবে নিয়েছেন। ক্রুদ্ধ রায়হান আমাকে একজন 'পলাতক আসামী' ও 'ফ্যানাটিক মোল্লা'র সাথে তুলনা করতে ও ভুলেননি। আমি যখন রায়হানকে জানালাম[৫], লেখাটি তাঁকে আক্রমণ করে নয়, তাতে ও তাঁর ভুল ভাংগল না। রায়হান উলটো যুক্তি দিলেন[৬], লেখাটি আমি নিশ্চয় তাঁকেই উদ্দেশ্য করেই লিখেছি কেননা 'ভিন্নমত' ওয়েবসাইটে লেখাটি তাঁর লেখার জবাব হিসেবে ছাপা হয়েছে। এ ছাড়া রায়হানের যুক্তি, তাঁকে 'দু'জন ই-মেইল করে জানিয়েছেন' যে লেখাটি রায়হানের উদ্দেশ্যে রচিত। *'তারা কী ভাবে জানলেন?'* রায়হান আমাকে প্রশ্ন করেছেন। এ রকম আহাম্মকি যুক্তি দেখে আমি হাসব না কাঁদব ভেবে পাই না। প্রথমতঃ 'ভিন্নমত' সম্পাদক আমার লেখাটিকে রায়হানের লেখার জবাব হিসেবে দেখে থাকলে তাতে আমার কি করার আছে? যেমনঃ *মুক্তমনা*তে উপরে উল্লেখিত দু'জন পাঠক লেখাটিকে আওয়ামী লীগের প্রতি স্যাটায়ার ভেবেছেন। আমি কি কারো ভাবনা চিন্তাকে নিয়ন্ত্রণ করি? দ্বিতীয়তঃ কোথাকার কোন দু'জন রায়হানকে ই-মেইল করে এত সহজে যদি নাচাতে পারে, সেক্ষেত্রে রায়হানের নিজস্ব বিচার-বোধের স্থান কোথায়? তাছাড়া 'জনৈক আল্লাহর গোলাম' নামের যে চরিত্রটি আমি এঁকেছি সেটির মনন, বংশ পরিচিতি এবং ক্ষেত্র বিশেষে ধূর্ততা- সবই আমার কল্পনা প্রসূত। যেমন, আমার সৃষ্ট চরিত্রটির দাদা মৌলভী কেরামত আলী, সে এক সময় সবকিছুই- এমনকি কনডমটি পর্যন্ত হালাল ব্যবহার করত, ইংরেজী ভাষায় তার জন্মগত জ্ঞানের ঘাটতি আছে। তার দাদাজান তাকে স্বপ্নে দেখা দিয়ে দর্শনের জটিল সমস্যার 'সমাধান' বাতলে দেন। চরিত্রটির নিজস্ব বিবেচনা শক্তি ও ধীমত্তার প্রচন্ড অভাব। ফলে সে বিভিন্ন ওয়েবসাইট থেকে টুকিফ্লাই করে লোকজনকে নসিহত করে। এখন রায়হান যদি মনে করেন, এসব বর্ণনা তাঁর নিজের চরিত্রের সাথে হুবহু মিলে যাচ্ছে, তাহলে আমি অবশ্যি তাঁর ব্যক্তিগত অনুভূতিতে আঘাত করার জন্য মর্মাহত। অন্যথায়, সরি বলার কোন সংগত কারণ দেখি না।

ক্রুদ্ধ মানুষ যে কতটা ভারসাম্যহীন হতে পারেন, রায়হান তাঁর লেখায় এর ছাপ রাখতে ভুল করেননি। তাঁর ভাষায়, *'এক জায়গায় কোরাণের একটি আয়াতে 'সেক্স' শব্দ গুঁজিয়ে দিয়ে কোরাণকে ভুল প্রমাণ করতে যেয়ে হাতে নাতে ধরা খেয়ে'* নাকি আমি পালিয়েছি। এবং সে জন্যই নাকি রায়হান আমাকে 'পলাতক আসামী' বলেছেন। বাংলা শব্দাবলির এমন ভুল প্রয়োগে যতটা না আমি ব্যথিত, তার চেয়ে বেশি মর্মাহত রায়হানের জঘন্য শ্রেণীর মিথ্যাচারে। রায়হান যে আয়াতটির কথা বলেছেন (৩১:৩৪), সেটি আমি উল্লেখ করেছিলাম জামিলুল বাসার নামের ক্বোরাণিক বিজ্ঞানে বিশ্বাসী আরেক মুমিণ বান্দার সাথে ডিবেটে। আয়াতটিতে বলা আছে *...He Who knows what is in the wombs..*অর্থাৎ মাতৃজঠরে অবস্থানরত ভ্রূণের sex বা gender ছেলে না মেয়ে, আল্লাহ সে সম্পর্কে ও অবগত বলে দাবী করেছেন। পক্ষান্তরে আমি দেখিয়েছি, বিজ্ঞানের বদৌলতে বাচ্চা ভূমিষ্ঠ হওয়ার বহু পূর্বেই মানুষের পক্ষে জানা সম্ভব বাচ্চার লিংগ আসলে কি। এখানে আমি কোথায় *কোরাণকে ভুল প্রমাণ করতে যেয়ে হাতে নাতে ধরা খেয়ে* পালালাম? নাকি, রায়হান জানেন না যে, ইংরেজী sex শব্দের অনেকগুলো প্রতিশব্দের মধ্যে একটি হচ্ছে লিংগ বা gender? একই রকম করে রায়হান মরিস বুকাইলি সম্পর্কে আমার আগেকার লেখাকে quote করে আমার 'অসততা' (?) তুলে ধরার ব্যর্থ চেষ্টা করেছেন। মরিস বুকাইলি সম্পর্কে আমি আগে যা লিখেছি, তা এখন ও বিশ্বাস করি। 'অসততা'র প্রশ্ন আসবে কেন?

এবার গুরুত্বপূর্ণ ব্যাপারটিতে আসা যাক।

রায়হানের সাথে *মুক্তমনা* ফোরামে *আস্তিকতা এবং নাস্তিকতা* বিষয়ে লম্বা বিতর্ক হয়েছিল। অবাক হয়ে লক্ষ করেছিলাম- বিজ্ঞান ও বৈজ্ঞানিক গবেষণা, বিশেষ করে জীব বিজ্ঞান গবেষণার পদ্ধতি (methodology)সম্পর্কে প্রায় কোন রকম জ্ঞান ব্যতিরেকেই রায়হান *প্রাকৃতিক নির্বাচন প্রক্রিয়ায় বিবর্তন*-এর বৈজ্ঞানিক প্রমাণ ও যুক্তিসমূহের বিরুদ্ধে পাতার পর পাতা লিখেছেন । রায়হানের বেসিক জ্ঞানের একটা উদাহরণ দেয়া যাক। এক ঈশ্বরের স্বপক্ষে রায়হান যুক্তি দিয়ে লম্বা একটি লেখা লিখেন যেটি, তাঁর নিজের ভাষায়, 'লজিক, র‍্যাশনালিটি ও ফিলস্যফির উপর ভিত্তি করে ছিল, বিজ্ঞানের উপর ভিত্তি করে নয়।' মজার ব্যাপার লেখাটিকে আমি অবৈজ্ঞানিক (unscientific) আখ্যায়িত করলে রায়হান তাতে চটে যান। তাঁর ভাষায়[৭], *ANYONE after reading my write-up shall understand that the essay is based on a possibility from a logical, rational and pragmatic viewpoint. Yet almost all of them (as if each of them were a great scientist!) tried to confuse the readers and* ***prove it unscientific****, irrational in the name of science. At last, we find, there is no BIG scientific error or confusion!* আচ্ছা প্রিয় পাঠক-পাঠিকারা কি বলতে পারেন, বিজ্ঞানের উপর ভিত্তি করে যা রচিত নয়, তা-কি কখনো বিজ্ঞান-নির্ভর (scientific) হতে পারে? তা যদি না হয়ে থাকে, তাহলে সেটিকে অবৈজ্ঞানিক বলাতে রায়হানের এত আপত্তি কেন? রায়হান কেন বলেন[৮] *There is a difference between "NOT based on science" and "NOT scientific". "NOT scientific" may mean "unscientific".* রায়হানের জ্ঞানের বহর দেখে ভিমরি খেতে হয় যখন দেখি তিনি *ফিলসফিক্যাল* ও *সায়েন্টিফিক*- এই দুই এডজেকটিভ-এর মধ্যে পার্থক্য নিরুপণ করতে অক্ষম। অদ্যাবধি তাঁকে এই বিষয়টি বুঝিয়ে দেয়ার কেউ কি নেই যে, একটি বিষয়ের দার্শনিক উপযোগিতা থাকলেই তা বিজ্ঞান নির্ভর হয়ে ওঠে না। যেমন- ইশ্বর-আত্মা ইত্যাদি নিয়ে দার্শনিকরা সেই প্রাচীনকাল থেকে বিতর্কে লিপ্ত কিন্তু এগুলি বৈজ্ঞানিক গবেষণা বা অনুসন্ধানের বিষয় নয়। হয়ত রায়হান মনে মনে এটি জানেন ও, কারণ তিনি স্বীকার করেন[৯] যে *"Theism and Atheism" is a philosophical issue* প্রশ্ন হল, তাহলে এই দ্বৈতাচারণ কেন?

মুসলমানরা শিক্ষা-দীক্ষা, জ্ঞান-বিজ্ঞানে এই যে এত পিছিয়ে, এই অবস্থা থেকে তাঁদের উদ্ধার করার জন্য *ক্বোরাণ, আল্লাহতে বিশ্বাস একটি বৈজ্ঞানিক ব্যাপার*- এই প্রপাগান্ডা দিয়ে কি সমাধান আসবে? তাতে তাঁদের ভীত, দূর্বল ও পরাভূত মন হয়ত সাময়িক তৃপ্তি পেতে পারে, কিন্তু এ দিয়ে তাঁদের আসল উদ্ধারের পথটি তো আর ও কঠিন করে দেয়া হচ্ছে। রায়হানরা কি তা বুঝতে পারেন?

---

নিউ ইয়র্ক

জানুয়ারী ১১, ২০০৭

**References**:


1 http://www.mukto-mona.com/Articles/jahed/satire_bangla.pdf
2 http://groups.yahoo.com/group/mukto-mona/message/38467
3 http://groups.yahoo.com/group/mukto-mona/message/38509
4 http://www.shodalap.com/R_Jaheds_world.pdf
5 http://www.shodalap.com/JA_Portest.htm
6 http://www.shodalap.com/R_Jaheds_challenge.pdf
7 http://www.mukto-mona.com/Articles/raihan/Theism_Atheism.pdf
8 http://groups.yahoo.com/group/mukto-mona/message/37984
9 http://groups.yahoo.com/group/mukto-mona/message/38000